দৈনিক বাংলা

061

তারিখ 21/4/79
পৃষ্ঠা 5 কলাম 1



কৃষি ও বনমন্ত্রী মেজর জেনারেল (অবসরপ্রাপ্ত) নূরুল ইসলাম

# কৃষি ও বন মন্ত্রীর সংক্ষিপ্ত জীবনী

কৃষি ও বনমন্ত্রী মেজর জেনারেল (অবঃ) নূরুল ইসলাম বাকেরগঞ্জের পিরোজপুরে এক শিক্ষাব্রতী পরিবারে জন্মগ্রহণ করেন।

তিনি প্রথমে ঢাকার সেন্ট ফ্রান্সিস ও পরে সেন্টগ্রেগরীজ স্কুলে লেখাপড়া করেন।

তিনি ঢাকা কলেজ থেকে আই-এসসি পাস করেন।

ভূগোলে অনার্স পড়ার সময় ১৯৫৯ সালে তিনি সেনাবাহিনীতে ভর্তি হন। কমিশন লাভের পর ইস্ট বেঙ্গল রেজিমেন্টের দ্বিতীয় ব্যাটেলিয়নে যোগ দেন। চাকরির প্রথম ৫ বছর তিনি এ ব্যাটেলিয়নেই ছিলেন। তিনি পেশোয়ার বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক ডিগ্রী লাভ করেন।

ইস্ট বেঙ্গল রেজিমেন্টের দ্বিতীয় ব্যাটেলিয়নে থাকাকালে মেজর জেনারেল নূরুল ইসলাম প্রশাসনসহ বিভিন্ন কোর্সে যোগ দেন। পরে তিনি আন্তঃবাহিনী গোয়েন্দা পরিদফতরে জেনারেল স্টাফ অফিসারের দায়িত্ব পালন করেন। তিনি প্রথম থেকেই মুক্তিযুদ্ধের সঙ্গে জড়িত ছিলেন।

স্বাধীনতার পর তিনি ছিলেন রংপুর ক্যান্টনমেন্টের বিগ্রেড মেজর এবং কুমিল্লার ১৮তম ইস্ট বেঙ্গল রেজিমেন্টের কমান্ডার। ১৯৭২ সালের শেষদিকে তিনি লেফটেন্যান্ট কর্নেল পদে উন্নীত হন এবং কুমিল্লায় ৪৪ বিগ্রেডের কম্যান্ডার হন।

১৯৭৩ সালের সেপ্টেম্বরে তিনি কর্নেল পদে উন্নীত হন। ১৯৭৪ সালে তিনি বর্মাস্থ বাংলাদেশ দূতাবাসে মিলিটারী এটাচী নিযুক্ত হন। একই সঙ্গে তিনি সিঙ্গাপুরস্থ বাংলাদেশ দূতাবাসের মিলিটারী এটাচীর দায়িত্বও পালন করেন।

কূটনৈতিক দায়িত্বের পুরো মেয়াদ শেষ হবার আগেই বাংলাদেশ সেনাবাহিনীর এ্যাডজুট্যান্ট জেনারেলের দায়িত্ব গ্রহণের জন্য ১৯৭৫ সালের নভেম্বরে তাকে [illegible] [illegible]

(৩-এর পৃঃ দ্রঃ)